দৈনিক ইত্তেফাক

তারিখ 09 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

72

ওসমানী মেডিক্যাল কলেজ গণভোট

# ক্যাম্পাস রাজনীতিমুক্ত রাখার পক্ষে ৬০ ভাগ ছাত্র-ছাত্রীর রায়

সিলেট অফিস ॥ গতকাল মঙ্গলবার ওসমানী মেডিক্যাল কলেজের সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে অনুষ্ঠিত এক গণভোটে (১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ওসমানী মেডিক্যাল কলেজ

( ১ম পৃঃ পর )

শতকরা ৬০ ভাগ ছাত্র-ছাত্রী কলেজ ক্যাম্পাসকে রাজনীতিমুক্ত রাখার পক্ষে মত প্রকাশ করিয়াছে। কলেজ সূত্রে জানা গিয়াছে, কলেজ একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাস রাজনীতিমুক্ত রাখার না রাখার ব্যাপারে সকাল ৯টা হইতে দুপুর ১টা পর্যন্ত গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত গণভোটে কলেজের মোট ১ হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে ৬৬৯ জন ছাত্র-ছাত্রী স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। তন্মধ্যে ৪৪১ জন ছাত্র ও ২২৮ জন ছাত্রী। ৯টি ভোট বাতিল হয়। ব্যালটপত্রে দুইটি প্রশ্ন রাখা হইয়াছিল। উহার ১টি হইল ক্যাম্পাসে রাজনীতি চলিবে কিনা এবং অপরটি হইতেছে অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাসে রাজনীতি বন্ধ থাকিবে কিনা। তন্মধ্যে প্রথম প্রশ্নে হ্যাঁ ভোট পড়ে ২৬৩ (৩৯:৩১) ও 'না' ভোট পড়ে ৩৯৫ (৫৯·০৪)। বাতিল ভোট ৯টি। দ্বিতীয় প্রশ্নে 'হ্যাঁ' ভোট পড়ে ৩৯৬ (৫৯'১৯) ও 'না' ভোট পড়ে ২৬৯ (৪০'২০)। সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত গণভোট পরিচালনা করেন মেডিসিন বিভাগের অধ্যাপক মোঃ আখতার হোসেনকে চেয়ারম্যান করিয়া গঠিত নির্বাচন কমিশন। কলেজের সর্বস্তরের শিক্ষক শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীরা নির্বাচন কমিশনকে সহযোগিতা করেন।

উল্লেখ্য, গত বৎসর ৩রা মে কলেজে ছাত্রদল ও শিবিরের মধ্যে বড় ধরনের রক্তক্ষয়ী সংঘর্ষের পর কলেজ দীর্ঘ ৩ মাস বন্ধ থাকে এবং খোলার পর ৬ই অক্টোবর এক নৃশংস হামলায় ছাত্রদল নেতা নিয়াজ ও আদনান গুরুতর আহত হওয়ার পর কলেজ ক্যাম্পাস আবার উত্তপ্ত হইয়া উঠে। এই উত্তেজনা ও আতঙ্কজনক পরিস্থিতিতে একাডেমিক কাউন্সিল ক্যাম্পাসে রাজনৈতিক তৎপরতা সাময়িকভাবে বন্ধ রাখেন। ইহার পর বিভিন্ন ছাত্র সংগঠন রাজনৈতিক তৎপরতার উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহার করার জন্য আহ্বান জানায়।